যুগান্তর

২২/৯/২০০৩

তারিখ ..........

পৃষ্ঠা ...২... কলাম ...৮...

# এসএসসি কৃতী ছাত্রছাত্রীদের বাটারফ্লাই'র পুরস্কার বিতরণ

চলতি বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ কৃতী ছাত্রছাত্রীদের (জিপিএ-৫ প্রাপ্ত) জন্য বাটারফ্লাই-প্রথম আলো এক সংবর্ধনার আয়োজন করে। এতে সব বোর্ডের জিপিএ-৫ অর্জনকারী ৭৬ জন ছাত্রছাত্রীর মধ্যে বাটারফ্লাই'র মার্কেটিং লিমিটেডের পক্ষ থেকে লটারির মাধ্যমে তিনজনকে তিনটি কম্পিউটার দেয়া হয়। কম্পিউটারপ্রাপ্তরা হচ্ছে হলিক্রস স্কুল এন্ড কলেজের শারমিন সাত্তার, গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুলের চৌধুরী মাহবুব আশরাফ ও ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের নুসরাত বিনতে হোসেন। এছাড়া ময়মনসিংহ জেলা স্কুলের একেএম শফিউল্লাহকে একটি ২০" এলজি রঙিন টিভি, ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের মানজুদা মোশাররফ সাবাকে একটি এলজি মাইক্রোওয়েভ ওভেন ও ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের সালস আল আমিনকে একটি টু-ইন-ওয়ান দেয়া হয়। কৃতী ছাত্রছাত্রীদের প্রত্যেককে একটি করে সার্টিফিকেট ও অন্যান্য উপহার সামগ্রীও প্রদান করা হয়। সংবর্ধনা সভায় বক্তৃতাকালে বাটারফ্লাই মার্কেটিং লিমিটেডের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক এমএম মান্নান কৃতী ছাত্রছাত্রীদের সংবর্ধনার ন্যায় এ মহৎ উদ্যোগের সঙ্গে বাটারফ্লাই সব সময় থাকবে বলে উল্লেখ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।